

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮০৪

১৫/ হজ (حاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৪৩. সাফা এবং মারওয়ায় সাঈ (দৌড়াদৌড়ি) করা হজ্জের রুকন- এটা পালন না করলে হজ্জ বিশুদ্ধ না হওয়ার বর্ণনা।

بيان أن السعى بين الصفا والمروة ركن لا يصح الحج إلا به

আরবী

حديث أنس بن مَالِك رضي الله عنه عَنْ عَاصِم، قَالَ: قُلْتُ لانس بن مَالِك، أَكُنْتُمْ تَكْرَهُونَ السَّعْيَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ قَالَ: نَعَمْ لَأَنَّهَا كَانَتْ مِنْ شَعَائِرِ الْجَاهِلَيَّةِ، حَتَّى أَنْزَلَ اللهُ (إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أُو اعْتَمَرَ فَلاَ جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطَّوَّفَ بِهِمَا)

বাংলা

৮০৪. আসিম (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইবনু মালিক (রাঃ)-কে বললাম, আপনারা কি সাফা ও মারওয়া সাঈ করতে অপছন্দ করতেন? তিনি বললেন, হ্যাঁ। কেননা তা ছিল জাহিলী যুগের নিদর্শন। অবশেষে মহান আল্লাহ অবতীর্ণ করেন ও "নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শন। কাজেই হাজ্জ বা উমরাহকারীদের জন্য এ দুইয়ের মধ্যে সাঈ করায় কোন দোষ নেই"- (আল-বাকারাঃ ১৫৮)।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ হাজ্জ অধ্যায় ৮০ হাঃ ১৬৪৮; মুসলিম, পর্ব ১৫ হাজ্জ্ব, অধ্যায় ৪৩, হাঃ ১২৭৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আসিম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন